

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ

স্মারক নং-৭৫৬/২০২৩ এসসি (এডি)

তারিখঃ ২৮/০২/২০২৩ খ্রি.

‘প্রটোকল অফিসার’ পদে নিয়োগ পরীক্ষা, ২০২২

প্রিলিমিনারী পরীক্ষার বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ‘প্রটোকল অফিসার’ পদে নিয়োগ পরীক্ষা, ২০২২-এর প্রিলিমিনারী পরীক্ষা আগামী ২৪/০৩/২০২৩ খ্রি. তারিখ শুক্রবার ঢাকাস্থ নিম্নবর্ণিত কেন্দ্রে পূর্বাহ্ন ১০:০০ ঘটিকা থেকে ১১:০০ ঘটিকা পর্যন্ত অনুষ্ঠিত হবে :

রোল নম্বর	সংখ্যা	কেন্দ্রের নাম
১০০১ থেকে ২১৩২ পর্যন্ত	১১৩২ জন	সিদ্ধেশ্বরী গার্লস কলেজ, ১৪৮, নিউ বেইলী রোড, ঢাকা

পরীক্ষার্থীদের কক্ষ নম্বর ও আসন বিন্যাস সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের নোটিশ বোর্ড ও বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে আগামী ২২/০৩/২০২৩ খ্রি. তারিখে প্রদর্শন করা হবে।

২। পরীক্ষার্থীগণের করণীয় :

তারিখ ও দিন	সময় (পূর্বাহ্ন)	পরীক্ষার্থীগণের করণীয়
২৪/০৩/২০২৩ খ্রি. শুক্রবার	০৯:০০	পরীক্ষার্থীগণ কর্তৃক কেন্দ্রের সংশ্লিষ্ট পরীক্ষা কক্ষে প্রবেশ।
	০৯:৪০	পরীক্ষার্থীগণকে এমসিকিউ (MCQ) উত্তরপত্র সরবরাহ করা হবে। পরীক্ষার্থীগণ নিয়মাবলি অনুযায়ী উত্তরপত্রের সংশ্লিষ্ট অংশ পূরণ করবেন।
	১০:০০	পরীক্ষার্থীগণকে প্রশ্নপত্র সরবরাহ করা হবে। পরীক্ষার্থীগণ নিজ নিজ উত্তরপত্রে প্রশ্নপত্রের সেট নম্বর লিখবেন এবং সংশ্লিষ্ট বৃত্ত ভরাট পূর্বক উত্তর প্রদান শুরু করবেন। সেট নম্বর না লিখলে ও সঠিকভাবে বৃত্ত ভরাট না করলে উত্তরপত্র বাতিল হবে।
	১০:১০	প্রত্যেক পরীক্ষার্থী হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন। তারা স্ব-স্ব টেবিলের উপর প্রবেশপত্র খুলে রাখবেন। এ সময় প্রবেশ পত্রের ছবির সঙ্গে পরীক্ষার্থীগণের হাজিরা তালিকার ছবি মিলিয়ে দেখা হবে।
	১০:৫০	পরীক্ষা সমাপ্ত হওয়ার সতর্কীকরণ ঘণ্টা বাজবে।
	১১:০০	সমাপনী ঘণ্টা বাজার সাথে সাথে পরীক্ষা শেষ হবে। পরীক্ষার্থীগণ স্ব-স্ব আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র গণনা করে বুঝে নেওয়ার পর পরীক্ষার্থীগণ নিজ নিজ আসন ও কক্ষ ত্যাগ করবেন।

৩। পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি :

- প্রিলিমিনারী পরীক্ষা MCQ পদ্ধতিতে গ্রহণ করা হবে। কালো কালির বল পেন দ্বারা OMR Sheet এর বৃত্ত ভরাট করতে হবে।
- পরীক্ষা কেন্দ্রে ব্যাগ, বই, ক্যালকুলেটর, ইলেকট্রনিক/হাতঘড়ি, মোবাইল ফোন এবং তথ্য আদান-প্রদানে ব্যবহারযোগ্য অন্য কোনো ধরনের ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। এই দফার নির্দেশনা অমান্য করলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণে বারিত করা হবে।
- পরীক্ষার্থীগণকে প্রবেশপত্রে উল্লিখিত নির্দেশাবলি মনোযোগ সহকারে পড়া ও যথাযথভাবে অনুসরণ করার পরামর্শ দেওয়া যাচ্ছে।
- প্রবেশপত্রের ছবির সঙ্গে হাজিরা তালিকার ছবির মিল না থাকলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।
- পূর্বাহ্ন ১০:০০ ঘটিকার পর কোনো পরীক্ষার্থীকে কেন্দ্রে প্রবেশ করতে দেওয়া হবে না এবং পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোনো পরীক্ষার্থীই পরীক্ষা হল/কক্ষ ত্যাগ করতে পারবেন না।
- পরিস্থিতি বিবেচনায় পরীক্ষার সময়সূচি বাতিল কিংবা পরিবর্তন করা হতে পারে। সেক্ষেত্রে পরিবর্তিত সূচি কিংবা নির্দেশনা বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
- সকল পরীক্ষার্থীকে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে পরীক্ষা হলে আসার জন্য বলা হলো।

স্বাক্ষরিত/-

(শেখ মোহাঃ আমীনুল ইসলাম)
অতিরিক্ত রেজিস্ট্রার
আপীল বিভাগ
বাংলাদেশ সুপ্রীম কোর্ট